



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



তৃতীয় জুনিয়র রিসার্চ ফেলোশিপ প্রোগ্রাম



৮ জুন ২০২৪-শনিবার মুক্তিযুদ্ধ জাদুঘরের সেন্টার ফর দ্য স্টাডি অব জেনোসাইড এন্ড জাস্টিস কর্তৃক আয়োজিত তৃতীয় জুনিয়র রিসার্চ ফেলোশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী গবেষকবৃন্দের জন্য রিসার্চ মেথডলজি বিষয়ের উপর দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালার উদ্বোধনী সেশনে “সোশ্যাল সাইন্স রিসার্চ” বিষয়ে বক্তব্য প্রদান করেন প্রখ্যাত সমাজবিজ্ঞানী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি।

এসময় তিনি বলেন, “তরুণ প্রজন্মের মাল্টি ডিসিপ্লিনারি প্রেক্ষাপট থেকে বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও জেনোসাইড নিয়ে গবেষণা করা উচিত।”

তিনি আরো বলেন, “বাংলাদেশের মুক্তিযুদ্ধে নারীদের ত্যাগ ও ভূমিকা নিয়ে আন্তর্জাতিক মানের গবেষণা হওয়া উচিত।”



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



তিনি মুক্তিযুদ্ধ জাদুঘরকে এই ধরনের গবেষণা কাজের উদ্যোগ নেওয়ার জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন মুক্তিযুদ্ধ জাদুঘরের অন্যতম প্রতিষ্ঠাতা ট্রাস্টি জনাব মফিদুল হক।

কর্মশালার দ্বিতীয় সেশনে অধ্যাপক ড. রুমানা ইসলাম 'গণহত্যার উপর গুরুত্ব প্রদান করে আন্তর্জাতিক আইন অনুসন্ধান' বিষয়ে এবং তৃতীয় সেশনে অধ্যাপক ড. মোহাম্মদ মোজাহিদুল ইসলাম 'গণহত্যা সম্পর্কে ঐতিহাসিক পর্যবেক্ষণ' বিষয়ে কথা বলেছেন।

এই ফেলোশিপ প্রোগ্রামের অধীনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রায় ২৬ জন শিক্ষার্থী-গবেষক বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও জেনোসাইড বিষয়ে আগামী চার মাস গবেষণা করবেন।